# এক নজরে

## উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বদরগঞ্জ, রংপুর এর কার্যক্রম সংক্রান্ত তথ্য ঃ

- **নারীর সামাজিক নিরাপত্তা বেষ্ঠনী নিশ্চিতকরণঃ** নারীর সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরনে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর ব্যাপক কাজ করে আসছে। অত্র উপজেলায় দুঃস্থ মহিলা উন্নয়ন কর্মসুচি, দরিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা প্রদান সর্মসুচি ও কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসুচি অন্যতম।

| ক্রমিক নং | কার্যক্রম/কর্মসূচি | বিবরণ | চলমান উপকারভোগীর সংখ্যা | |
|---|---|---|---|---|
| | | | কর্মসুচি এলাকা | কার্ড সংখ্যা |
| ১ | দুঃস্থ নারীদের খাদ্য সহায়তা (ভিজিডি) কর্মসুচিঃ | এ কর্মসুচির আওতায় নির্বাচিত অতি দরিদ্র মহিলাদেরকে "স্বনির্ভরতার জন্য সহায়তা" এ মূলনীতি অনুসরণ করে খাদ্য সহায়তার পাশাপাশি সামাজিক সুরক্ষার আলোকে জীবনযাত্রার মান উন্নয়ন করা হয়ে থাকে । এ কার্যক্রমের আওতায় বদরগঞ্জ উপজেলায় প্রতি ২ বছরের জন্য গ্রামীণ হতদরিদ্র মহিলাদের মাসিক ৩০ কেজি চাল খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে। | রাধানগর | ২৮২ |
| | | | গোপীনাথপুর | ২৯৬ |
| | | | রামনাথপুর | ৩৪৭ |
| | | | দামোদরপুর | ৩২০ |
| | | | মধুপুর | ৩৬৪ |
| | | | গোপালপুর | ৩৪৪ |
| | | | কুতুবপুর | ২৭১ |
| | | | কালুপাড়া | ২৭৮ |
| | | | বিষ্ণুপুর | ৩৫৯ |
| | | | লোহানীপাড়া | ২৯৪ |
| | | | সর্বমোট= | ৩১৫৫ |
| | | | কর্মসুচি এলাকা | কার্ড সংখ্যা |
| ২ | দরিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা প্রদান সর্মসুচিঃ | গর্ভবতী ও প্রসূতি নারীর মৌলিক মানবাধিকার রূপে নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করা এই কার্যক্রমের প্রধান লক্ষ্য। প্রতি তিন বছরের জন্য একজন দরিদ্র মাকে মাসিক ৮০০ টাকা করে ভাতা প্রদান করা হয়ে থাকে। | রাধানগর | ১৪০ |
| | | | গোপীনাথপুর | ১৪০ |
| | | | রামনাথপুর | ১৩৯ |
| | | | দামোদরপুর | ১৪০ |
| | | | মধুপুর | ১৪০ |
| | | | গোপালপুর | ১৪০ |
| | | | কুতুবপুর | ১৪০ |
| | | | কালুপাড়া | ১৩৯ |
| | | | বিষ্ণুপুর | ১৪০ |
| | | | লোহানীপাড়া | ১৪০ |
| | | | সর্বমোট= | ১৩৯৮ |
| | | | কর্মসুচি এলাকা | কার্ড সংখ্যা |
| ৩ | কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়ত তহবিল কর্মসূচিঃ | এ কার্যক্রমের আওতায় শহর অঞ্চলের (পৌর এলাকায়) দরিদ্র কর্মজীবী মায়েদের শারীরিক, মানসিক ও আর্থ-সামাজিকভাবে স্বাবলম্বী করে গড়ে তোলা এ কর্মসুচির প্রধান লক্ষ্য। প্রতি তিন বছরের জন্য একজন দরিদ্র মাকে মাসিক ৮০০ টাকা করে ভাতা প্রদান করা হয়ে থাকে। | বদরগঞ্জ পৌরসভা | ৪৫০ |

➢ **নারীর ক্ষমতায়ন ও উন্নয়নঃ** নারীর ক্ষমতায়ন ও উন্নয়নে মহিলা বিষয়ক অধিদপ্তর ব্যাপক কাজ করে আসছে; যা নিম্নরুপঃ

| ক্রমিক নং | কার্যক্রম/কর্মসূচি | বিবরণ | চলমান উপকারভোগীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | **প্রশিক্ষণ প্রদানঃ**<br>(ক) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (ডব্লিউ টিসি)। | এ কার্যক্রমের আওতায় "দর্জি বিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে প্রতি তিন মাস মেয়াদি ৩০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। | কর্মসূচি এলাকা: সমগ্র বদরগঞ্জ<br>সংখ্যা: ১২০ জন প্রতিবছর |
| | (খ) উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প। | এ প্রকল্পের আওতায় "ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন" এ দুটি ট্রেডে প্রতি তিন মাস মেয়াদি ২৫ জন করে মোট ৫০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। | কর্মসূচি এলাকা: সমগ্র বদরগঞ্জ<br>সংখ্যা: ২০০ জন প্রতিবছর |
| | (গ) দুঃস্থ নারীদের খাদ্য সহায়তা (ভিডব্লিউবি) কর্মসুচি। | দুঃস্থ নারীদের খাদ্য সহায়তা (ভিডব্লিউ) কর্মসুচির আওতায় উপকারভোগী নারীদের আয়বর্ধক প্রশিক্ষণ, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা প্রদান ইত্যাদি উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। সংশ্লিষ্ট কর্মসুচিতে চুক্তিবদ্ধ এনজিও প্রশিক্ষন প্রদান করে। | কর্মসূচি এলাকা: বদরগঞ্জ উপজেলাস্থ ইউনিয়নসমূহ<br>সংখ্যা: ১৫৮০ জন |
| | (ঘ) দরিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা প্রদান সর্মসুচি। | এ কার্যক্রমের আওতায় গ্রামীন দরিদ্র মায়ের স্বাস্থ্য সচেতনতা, স্বাস্থ্য ও জন্ম নিয়ন্ত্রন, জীবিকার মান উন্নয়নসহ যৌতুক, তালাক, নারী নির্যাতন প্রতিরোধসহ নারীকে আর্থ সামাজিক অধিকার সচেতন করে গড়ে তোলার জন্য চুক্তিবদ্ধ এনজিও'র মাধ্যমে প্রশিক্ষন দেয়া হয়। | কর্মসূচি এলাকা: বদরগঞ্জ উপজেলাস্থ ইউনিয়নসমূহ<br>সংখ্যা: ১৫৮০ জন |
| | (ঙ) কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়ত তহবিল কর্মসূচি। | এ কার্যক্রমের আওতায় শহর অঞ্চলের (পৌর এলাকায়) মায়ের স্বাস্থ্য সচেতনতা, স্বাস্থ্য ও জন্ম নিয়ন্ত্রন, জীবিকার মান উন্নয়ন, যৌতুক, তালাক, নারী নির্যাতন প্রতিরোধসহ নারীকে আর্থ সামাজিক অধিকার সচেতন করে গড়ে তোলার জন্য চুক্তিবদ্ধ এনজিও'র মাধ্যমে প্রশিক্ষন দেয়া হয়। | কর্মসূচি এলাকা: বদরগঞ্জ পৌরসভা<br>সংখ্যা: ৪৫০ জন |
| ২ | মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ প্রদান। | দেশের আর্থিক সঙ্গতিহীন কর্মক্ষম নারীদের উন্নয়ন মূলক কর্মকান্ডে অংশগ্রহন ও তাদের আত্মনিভরশীল করার লক্ষ্যে অত্র মন্ত্রনালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর এ কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে সর্বমোট ঋণ তহবিল ১৫লক্ষ ৪৯ হাজার ৭৫৭ টাকা। | কর্মসূচি এলাকা: সমগ্র বদরগঞ্জ<br>সংখ্যা: ৩৩৫ জন ৩৫২৪৫০০ টাকা |
| ৩ | জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক কাযক্রম। | "জয়িতা" হচ্ছে সমাজের সকল বাধা বিপত্তি অতিক্রম করে বিভিন্ন ক্ষেত্রে সফল নারীর একটি প্রতিকী নাম। সমাজের বিভিন্ন ক্ষেত্রের জয়িতাদের চিহ্নিত করে তাদের যথাযথ সম্মান ও অনুপ্রেরণা প্রদান করে নারীদের মধ্যে আস্থা সৃষ্টি করা হয় ও তাদের জয়িতা হওয়ায় অনুপ্রাণীত করা। প্রতি বছর ৫টি ক্যাটাগরি তথা (১) অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী (২)শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী (৩) সফল জননী নারী (৪) নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী (৫) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী। এ বিষয়ে সম্মাননা প্রদান করা হয়। | কর্মসূচি এলাকা: সমগ্র বদরগঞ্জ<br>সংখ্যা: ৫ জন প্রতি বছর |
| ৪ | স্বেচ্ছাসেবী মহিলা সমিতি/সংগঠন নিবন্ধন | তৃণমূল পর্যায়ের সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠানের নারীদের সার্বিক উন্নয়ন ও দারিদ্র নিরসনকল্পে এবং তাদের আর্থ-সামাজিকভাবে স্বাবলম্বী করে গড়ে তুলতে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মহিলাদের দ্বারা গঠিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন করা হয়ে থাকে। | কর্মসূচি এলাকা: সমগ্র বদরগঞ্জ<br>সংখ্যা: ২৫ টি সমিতি নিবন্ধিত |
| ৫ | ক্লাব প্রতিষ্ঠার মাধ্যমে কিশোর-কিশোরীদের নেতৃত্ব বিকাশ। | কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প- এর আওতায় অত্র উপজেলায় ১১ ক্লাবে সংগীত, আবৃত্তি ও শরীর চর্চা বিষয়ক শিক্ষা প্রদান দেয়া হয়। | কর্মসূচি এলাকা: বদরগঞ্জ উপজেলাস্থ ইউনিয়নসমূহ<br>সংখ্যা: ৩৩০ জন |

➢ **নারীর প্রতি সকল ধরনের সহিংসতা প্রতিরোধ ও নারীর অধিকার নিশ্চিতকরণঃ** নারীর প্রতি সহিংসতা, বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন ইত্যাদি সামাজিক ব্যাধি সামনে রেখে দেশের উন্নয়ন সম্ভব নয় বলে সরকার মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে ব্যাপক কার্যক্রম হাতে নিয়েছে।

| ক্রমিক নং | কার্যক্রম/কর্মসূচি | বিবরণ | চলমান উপকারভোগীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | নারী ও শিশু নির্যাতন বন্ধে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির নিয়মিত সভা করে কার্যকরী পদক্ষেপ গ্রহণ। | নারী ও শিশু নির্যাতন বন্ধে প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে তদন্ত পূর্বক যথাযথ ব্যাবস্থা গহন। সুপারিশসহ জেলা কমিটিতে প্রেরণ ও আদালত কর্তৃক প্রাপ্ত আবেদন সংশ্লিষ্ট আদালতে প্রেরণ। | কর্মসুচি এলাকা: সমগ্র বদরগঞ্জ<br>সংখ্যা: আবেদনের প্রেক্ষিতে |
| ২ | বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ। | বাল্যবিবাহ প্রতিরোধে সভা করে গ্রামীন জনগোষ্টিকে সচেতন করার মাধ্যমে বাল্য বিবাহের হার কমিয়ে আনা হচ্ছে। | কর্মসুচি এলাকা: সমগ্র বদরগঞ্জ<br>সংখ্যা: অভিযোগ অনুযায়ী |
| ৩ | নির্যাতিত নারী ও শিশুকে আশ্রয় ও আইনি সহায়তা প্রদান। | নির্যাতিত নারী ও শিশুকে আশ্রয় ও আইনি সহায়তা প্রদান করার জন্য সংশ্লিষ্ট জেলার মাধ্যমে ওয়ানস্টপ ক্রাইসিস সেন্টারে প্রেরণ করা হয়। | কর্মসুচি এলাকা: সমগ্র বদরগঞ্জ<br>সংখ্যা: আবেদনের প্রেক্ষিতে |